

Visit of Minister of Petroleum and Natural Gas to Kuwait

October 11, 2020

পেট্রোলিয়াম এবং গ্যাস মন্ত্রীর কুয়েত সফর

অক্টোবর 11, 2020

পেট্রোলিয়াম এবং গ্যাস মন্ত্রী শ্রী ধর্মেন্দ্র প্রধান কুয়েত রাজ্যের ভূতপূর্ব আমীর মহামান্য শেখ সাবা আল-আহমেদ আল-জাবের আল সাবা-র দুঃখজনক প্রয়াণে কুয়েতের নেতৃত্বকে ভারত সরকারের তরফ থেকে শোক জ্ঞাপনের উদ্দেশ্যে 11-12 অক্টোবর 2020 তারিখে কুয়েত সফর করবেন। মন্ত্রী মহোদয় কুয়েতের নেতৃত্বকে প্রদান করার জন্য ভারতের মহামান্য রাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রীর পত্র সঙ্গে করে নিয়ে যাবেন।

শ্রী ধর্মেন্দ্র প্রধান কুয়েত রাজ্যের নতুন আমীর হিসেবে দায়িত্ব গ্রহণের জন্য ভারতের তরফ থেকে মহামান্য নওয়াজ আল-আহমেদ আল জাবেরকে এবং যুবরাজ হিসেবে মহামান্য শেখ মিশাল আল-আহমেদ আল-জাবের আল-সাবাকে অভিনন্দনও জ্ঞাপন করবেন। কুয়েত রাজ্যের ভূতপূর্ব আমীর মহামান্য শেখ সাবা আল-আহমেদ আল-জাবের আল-সাবা গত 29শে সেপ্টেম্বর তারিখে গত হয়েছেন। ভারতের তরফ থেকে শোক জ্ঞাপনের উদ্দেশ্যে বিদেশ মন্ত্রী শ্রী এস.জয়শংকর অক্টোবর 01,2020 তারিখে নিউ দিল্লীর কুয়েত দূতাবাসে গিয়েছিলেন। অক্টোবর 04,2020 তারিখে ভারতে একদিনের রাষ্ট্রীয় শোক পালন করা হয়েছে। প্রয়াত আমীরের নেতৃত্বে ভারত এবং কুয়েত ঘনিষ্ঠ এবং বন্ধুত্বপূর্ণ সম্পর্ক বজায় রেখেছিল। দুই দেশের জনগণের পারস্পরিক উপকারের জন্য দ্বিপাক্ষিক অঙ্গীকারকে পথপ্রদর্শনে এবং মজবুত করার ক্ষেত্রে তিনি ভারতের প্রকৃত বন্ধু এবং শুভাকাঙ্ক্ষী ছিলেন। দশলক্ষেরও বেশী ভারতীয় কুয়েতে বসবাস করেন এবং কর্মরত রয়েছেন।

দুই দেশ বিবিধক্ষেত্রে তাদের ঐতিহাসিক সম্পর্ককে এগিয়ে নিয়ে চলেছে এবং কোভিড-19-এর সময়ে ঘনিষ্ঠভাবে সহযোগিতাও করেছে।

নিউ দিল্লি

অক্টোবর 11, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.